

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ৩১, ২০২৩

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/৩০ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৬.০০২.২০-১১২।—বাংলাদেশ নির্বাচন কমিশন, The Representation of the People Order, 1972 (P.O No. 155 of 1972) এর Article 89A এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২৩ অক্টোবর, ২০২৩ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.২৩.৭৩০ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিশ্রেক্ষিতে উক্ত Order এর Article 89A এ উল্লিখিত Article 73(2B), Article 74(2A), (3), (4), (5), (6), Article 78, Article 79, Article 80, Article 81(1) এবং Article 82 এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচারের নিমিত্ত নিম্ন তফসিলের ২নং কলামে বর্ণিত নির্বাচনি এলাকার ৩নং কলামে বর্ণিত অধিক্ষেত্রের জন্য ৪নং কলামে বর্ণিত ০৩ (তিন) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ০৩ নভেম্বর ২০২৩ হতে ০৭ নভেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করলো :

“তফসিল”

ক্রম	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	অধিক্ষেত্র	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
১.	২৪৪ ব্রাহ্মণবাড়িয়া-২	(ক) সরাইল উপজেলা	জনাব মো: ফরহাদ রায়হান ভূঁইয়া সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
২.		(খ) আশুগঞ্জ উপজেলা	জনাব সাদেকুর রহমান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া

(১৫২৮১)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	নির্বাচনি এলাকার নম্বর ও নাম	অধিক্ষেত্র	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪
৩.	২৭৬ লক্ষ্মীপুর-৩	সদর উপজেলা (আংশিক)	জনাব মো: তারেক আজিজ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লক্ষ্মীপুর

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন) এর E-mail: ds_la@ecs.gov.bd এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন :

“ছক”

নির্বাচনি এলাকা :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া/লক্ষ্মীপুরকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া/লক্ষ্মীপুরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া/লক্ষ্মীপুরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুল সালাম
উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd